ইনফিনিট ক্যাম্পাস – ক্যাম্পাস স্টুডেন্ট পোর্টাল গাইড

প্যাটারসন পাবলিক স্কুল ডিস্ট্রিক্ট আপনাকে ইনফিনিট **ক্যাম্পাস স্টুডেন্ট পোর্টালে** অ্যাক্সেস দিতে পেরে আনন্দিত। ইনফিনিট **ক্যাম্পাস স্টুডেন্ট পোর্টাল** হচ্ছে একটি ওয়েব-ভিত্তিক শিক্ষার্থী ব্যবস্থাপনা প্রোগ্রাম যা শিক্ষার্থী এবং তাদের পিতামাতা/অভিভাবকদেরকে পর্যবেক্ষণের সুযোগ দেয় এবং শিক্ষার্থীর শিক্ষাগত বৃদ্ধির অগ্রগতিতে সহায়তা করে। এটি শিক্ষার্থীদের তাদের ক্লাসের সময়সূচি, ক্লাস অ্যাসাইনমেন্ট, গ্রেড, উপস্থিতি, শিক্ষকের যোগাযোগের তথ্য, অগ্রগতির প্রতিবেদন এবং রিপোর্ট কার্ড দেখতে সক্ষম করে।

আমরা জানি যে স্কুলে আপনার অগ্রগতি সম্পর্কে তথ্য পেতে আপনাকে সহায়তা করার জন্য এটি একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার। আমাদের ডিস্ট্রিক্টে প্রতিটি শিক্ষার্থীকে একটি অনন্য ব্যবহারকারীর নাম বরাদ্দ করা হয়েছে। শিক্ষার্থীরা তাদের গুগল অ্যাকাউন্টে সাইন ইন করে তাদের ক্যাম্পাস স্টুডেন্ট পোর্টালে লগ ইন করতে তাদের প্যাটারসন পাবলিক স্কুলস গুগল পরিচিতি ব্যবহার করবে, তারপরে **Google - Student/Staff Login** রিবনে ক্লিক করবে:



ক্যাম্পাস স্টুডেন্ট অ্যাপে লগ ইন করা

ক্যাম্পাস স্টুডেন্ট অ্যাপ্লিকেশনটি ব্রাউজার সংস্করণের মতো একই হাতিয়ার হিসাবে কাজ করে, তবে লগ ইন থাকার এবং পুশ নোটিফিকেশন গ্রহণ করার মত বিকল্পের সুবিধা দেয়।

1. অ্যাপ স্টোর বা গুগল প্লে থেকে অ্যাপটি ডাউনলোড করুন
2. আপনার **ডিস্ট্রিক্টের নাম** ও **স্টেট অনুসন্ধান** করুন, অনুসন্ধান করতে আপনার ডিস্ট্রিক্টের নামের কমপক্ষে 3 টি অক্ষর লিখুন। তালিকা থেকে আপনার ডিস্ট্রিক্ট নির্বাচন করুন। (প্যাটারসন, নিউ জার্সি)
3. আপনার স্কুল ডিস্ট্রিক্ট থেকে দেওয়া **আপনার ব্যবহারকারীর নাম ও পাসওয়ার্ড** লিখুন (নীচে দেখুন)।
4. যদি কোনও সুরক্ষিত, ব্যক্তিগত ডিভাইস ব্যবহার করে থাকেন, তবে মোবাইল পুশ নোটিফিকেশন পাওয়ার জন্য **Stay Logged In** মার্ক করুন।
5. **লগ ইন** ক্লিক করুন!

আপনার পোর্টাল ব্যবহারকারীর নাম ও/অথবা পাসওয়ার্ড সংক্রান্ত সহায়তার প্রয়োজন হলে অনুগ্রহ করে আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন।

ইনফিনিট ক্যাম্পাস - ক্যাম্পাস স্টুডেন্ট পোর্টাল গাইড

আমি কিভাবে নোটিফিকেশন পাব?



নোটিফিকেশনগুলি ক্যাম্পাস স্টুডেন্ট এবং ক্যাম্পাস প্যারেন্ট মোবাইল অ্যাপ্লিকেশনগুলির মাধ্যমে পাওয়া যাবে। অ্যাপ্লিকেশন সেটিংস ছাড়াও আপনাকে আপনার ডিভাইসে নোটিফিকেশন সক্ষম করতে হতে পারে।

1. লগ ইন করার পরে, নোটিফিকেশন পেতে **Stay Logged In** মার্ক করুন।
2. লগ ইন করার পরে, উপরের ডানদিকে **ব্যবহারকারী মেনুতে** ক্লিক করুন এবং তারপরে **সেটিংস** এবং **নোটিফিকেশন সেটিংস** ক্লিক করুন।
3. সেখান থেকে, আপনি কোন ধরণের নোটিফিকেশন পেতে চান তা নির্দেশ করুন এবং নোটিফিকেশনগুলির জন্য সীমা সেট করুন। উদাহরণস্বরূপ, নির্দেশ করুন যে স্কোর 70% এর নিচে হলে আপনি শুধু অ্যাসাইনমেন্ট নোটিফিকেশন পেতে চান।
4. **সেভ** ক্লিক করুন।

হোম:

হোম স্ক্রীন নিম্নের বিষয়গুলো দেখায়:

- **টুলবার** - শুধুমাত্র এই শিক্ষার্থীর জন্য নির্দিষ্ট তথ্যসহ উপলব্ধ বিভিন্ন বিকল্পের তালিকা
- **শিক্ষার্থী প্রোফাইল** - শিক্ষার্থীর সনাক্তকরণ বারকোড সহ শিক্ষার্থীর মনোযোগ প্রয়োজন এমন শিক্ষার্থীর তথ্য এবং আইটেমগুলির সংক্ষিপ্তসার
- **আজকের সময়সূচী** - শিক্ষার্থীদের সময়সূচীর স্ন্যাপশট
- **ডকুমেন্টস-এ মনোযোগ প্রয়োজন** - শিক্ষার্থীর মনোযোগের প্রয়োজন এমন কোনও **ডকুমেন্ট-এর** তালিকা দেয়
- **অ্যাসাইনমেন্ট:** করণীয় - বিষয় শিক্ষকের পোস্ট অনুযায়ী দেখা যাবে, কোন অ্যাসাইনমেন্ট জমা হয় নাই, আজ এবং/অথবা আগামীকালের অ্যাসাইনমেন্টের তালিকা
- **ঘোষণা** - স্কুল ডিস্ট্রিক্ট প্রদত্ত ঘোষণাগুলি



ইনফিনিট ক্যাম্পাস – ক্যাম্পাস স্টুডেন্ট পোর্টাল গাইড

ক্যালেন্ডার:

ক্যালেন্ডার তিনটি ভিন্ন ভিন্ন মোডে ডেটা দেখায়, ***অ্যাসাইনমেন্ট***, ***সময়সূচি*** এবং ***উপস্থিতি***।
অ্যাসাইনমেন্ট এবং *উপস্থিতির* জন্য, ডেটা রয়েছে এমন তারিখগুলির নীচে ফোঁটা চিহ্ন দেখা যাবে।
ঐ দিনের তথ্য দেখতে একটি মোড এবং তারিখ নির্বাচন করুন।
অ্যাসাইনমেন্ট মোডে, একটি বোতাম দেখা যাবে যেটি নির্বাচিত সপ্তাহের জন্য সাপ্তাহিক ওভারভিউ, সকল অ্যাসাইনমেন্ট দেখাবে।







অ্যাসাইনমেন্ট:

অ্যাসাইনমেন্ট টুল সকল শিক্ষার্থীর অ্যাসাইনমেন্ট সংগ্রহ করে, আজকের অ্যাসাইনমেন্ট-এর উপর দৃষ্টি নিবদ্ধ রেখে।
বিস্তারিত দেখতে অ্যাসাইনমেন্টে ক্লিক করুন এবং পূর্ববর্তী এবং আগামী অ্যাসাইনমেন্টগুলি দেখতে স্ক্রল করুন।
একেবারে উপরে অবস্থিত **মিসিং** ও **বর্তমান টার্ম** বোতাম ব্যবহার করে অ্যাসাইনমেন্ট ফিল্টার করুন।



ইনফিনিট ক্যাম্পাস - ক্যাম্পাস স্টুডেন্ট পোর্টাল গাইড

গ্রেড:

গ্রেড টুল শিক্ষার্থীর সকল কাজ (যেমন সকল টার্ম অথবা মার্কিং পিরিয়ডের গ্রেড) এবং স্ট্যান্ডার্ডে অর্জিত সকল গ্রেড দেখায়। **পোস্ট করা গ্রেডগুলি** বোল্ডে দেখানো হয়, **ইন-প্রগ্রেস গ্রেডগুলি** "ইন-প্রগ্রেস" হিসাবে দেখানো হয়। শিক্ষার্থীর কিউমিলিটিভ জিপিএ সক্ষম করা থাকলে, গ্রেড ট্যাবের একেবারে উপরে তা দেখানো হয়। এক টার্মের জন্য বা পুরো বছরের জন্য গ্রেড দেখতে উপর থেকে একটি বিকল্প নির্বাচন করে নিন। *ড্রপ কোর্সগুলি আড়াল করতে, গ্রেড বা অ্যাসাইনমেন্ট ছাড়াই সারিগুলি লুকাতে* বা সকল কোর্স প্রসারিত বা সংকুচিত করতে সেটিংস মেনু প্রসারিত করুন। গ্রেডের পাশে দেখানো ধূসর তীর আপনাকে টাস্কে ক্লিক করে গ্রেডে অবদান রাখে এমন ক্যাটাগরিগুলো দেখতে দেয়। সকল অন্তর্ভুক্ত অ্যাসাইনমেন্ট দেখতে ক্যাটাগরিগুলো প্রসারিত করুন। বিস্তারিত দেখতে অ্যাসাইনমেন্টে ক্লিক করুন। যে গ্রেডগুলি কম্পোজিট বা রোলআপ গ্রেডিং সেটআপ-এর অংশ নয় তাউল্লেখ করা হয়।



গ্রেড বুক আপডেট:

গ্রেড বুক আপডেটগুও গত 14 দিনে স্কোর করা বা অন্যথায় আপডেট হওয়া সকল অ্যাসাইনমেন্টের তালিকা করে। বিস্তারিত দেখতে অ্যাসাইনমেন্ট বা কোর্সের নামের উপর ক্লিক করুন।



ইনফিনিট ক্যাম্পাস - ক্যাম্পাস স্টুডেন্ট পোর্টাল গাইড

উপস্থিতি:

উপস্থিতি টুল নির্বাচিত টার্মের উপস্থিতির সময়কালের অনুপস্থিতি এবং বিলম্বগুলো দেখায়। একেবারে উপরের বিকল্পগুলি ব্যবহার করে টার্মের মধ্যে নেভিগেট করুন।একটি সময়কালে ক্লিক করে বিস্তারিত দেখুন। বিস্তারিত ভিউ-তে, সকল অনুপস্থিতি এবং বিলম্বের তালিকা থাকে, এবং সেখানে অনুপস্থিতি এবং বিলম্বের ধরণ (এক্সকিউজড, আনএক্সকিউজড, অব্যাহতিপ্রাপ্ত, বা অজানা)অনুযায়ী দেখা যায়।যখন মোট কত মিনিট উপস্থিত ছিল তার মাধ্যমে উপস্থিতি রেকর্ড করা হয়, তখন এই উপস্থিতি স্ক্রিনটি মোট উপস্থিতির সময় এবং প্রত্যাশিত উপস্থিতির সময়, বিভাগ করে দেখায়। তারিখ অনুসারে রেকর্ড করা টাইম ইন, টাইম আউট এবং উপস্থিতির সময় দেখতে কোনো একটি বিভাগে ক্লিক করুন।



সময়সূচি:

সময়সূচি টুল শিক্ষার্থীর প্রতিটি টার্মের জন্য সময়সূচি দেখায়, যে কোনো ডে রোটেশন সহ। সারা বছর, সকল টার্ম, এবং প্রত্যেক শিক্ষার্থীর এনরোলমেন্ট-এরজন্য সময়সূচি দেখানো হয়। স্কুল দিবসে পিরিয়ডের সময়কাল এবং শিক্ষার্থীদের কোর্স, সঙ্গে শিক্ষকের নাম ও নির্ধারিত রুম প্রতিটি সময়সূচিতে অন্তর্ভুক্ত থাকে। যদি ডে রোটেশন কার্যকর থাকে,সময়সূচির উপরের ডান কোণে ডে উল্লেখ করা থাকে। বিস্তারিত দেখার জন্য কোর্সের নামের উপর ক্লিক করুন।



ইনফিনিট ক্যাম্পাস – ক্যাম্পাস স্টুডেন্ট পোর্টাল গাইড

রেসপন্সিভ সময়সূচি: রেসপন্সিভ সময়সূচির টুল ব্যবহারকারীদের আসন্ন রেসপন্সিভ দিবসে কোন সেশনে অংশ গ্রহণ করা যায়, তা নির্বাচন করতে দেয়। প্রতিটি উপলভ্য রেসপন্সিভ পিরিয়ডের প্রস্তাব এখানে তালিকাভুক্ত করা থাকে। এই বৈশিষ্ট্যটি সর্বদা প্রতিটি স্কুল/শিক্ষার্থীর জন্য সক্ষম করা থাকে না।

ফি: একজন শিক্ষার্থীর নির্ধারিত ফি দেখায়। ফিগুলির মধ্যে বিজ্ঞান কোর্সের জন্য ল্যাব ফি, ফিল্ড ট্রিপের জন্য ফি বা অ্যাথলেটিক ক্রিয়াকলাপের ব্যয় বা ক্রোমবুক চার্জের মতো জিনিস অন্তর্ভুক্ত থাকতে পারে। যে ফিগুলি এখনও বকেয়া রয়েছে, পরিশোধ করা হয়েছে, বা বাতিল করা হয়েছিল সেগুলি এই তালিকায় থাকে, এবং এরপর ফিগুলির জন্য চলমান ব্যালেন্স দেখা যায়। স্কুল বর্ষের ড্রপডাউন তালিকা আপনাকে স্কুল বছর অনুযায়ী নির্ধারিত ফি দেখতে দেয়।



ডকুমেন্টস:

ডকুমেন্টস টুল শিক্ষার্থীর সময়সূচি, রিপোর্ট কার্ড এবং নম্বরপত্র, ফর্মস, এবং প্রোগ্রামে অংশগ্রহণের ডকুমেন্টের একটি পিডিএফ সহ শিক্ষার্থীর প্রাসঙ্গিক ফাইলগুলি সংগ্রহ করে ।

ডকুমেন্টগুলি মডিউল ও নথির ধরণ অনুযায়ী গ্রুপ করা হয়, যেমন কাউন্সেলিং, রিপোর্ট কার্ড, ইত্যাদি। ড্রপডাউন থেকে একটি **স্কুল বর্ষ** বেছে নিয়ে একটি নির্দিষ্ট বছরের সাথে সম্পর্কিত ডকুমেন্ট দেখুন। একটি ক্যালেন্ডার বছরের সাথে সম্পর্কিত নয় এমন ডকুমেন্ট অন্যান্য (Other) বিভাগে দেখা যায়। ফাইলটি পিডিএফ হিসাবে দেখতে একটি এন্ট্রিতে ক্লিক করুন ।



ইনফিনিট ক্যাম্পাস - ক্যাম্পাস স্টুডেন্ট পোর্টাল গাইড

মেসেজ সেন্টার:

স্কুল বা ডিস্ট্রিক্ট পর্যায়ে পোস্ট করা ঘোষণাগুলি মেসেজ সেন্টারে অন্তর্ভুক্তথাকে। দীর্ঘ ঘোষণার জ অতিরিক্ত লেখা দেখার জন্য ***Show More***–এ যান। ক্রিয়েটার দ্বারা সেট করা সময়রেখার উপর ভিত্তি করে ঘোষণাগুলি প্রদর্শিত হয় এবং তা মোছা বা আরখাইভ করা যায় না। এছাড়াও, ইনবক্সটি শিক্ষকদের কাছ থেকে প্রেরিত বার্তা সহ পিতামাতার কাছে প্রেরিত বার্তাগুলি দেখায়।



আরো:

মূল্যায়ন - মূল্যায়নের রেকর্ডগুলি তালিকাভুক্ত করে, যদি থাকে

যোগাযোগের তালিকা –আপনার জন্য নির্ধারিত শিক্ষকদের নামের তালিকা দেয়, শিক্ষকদের বিষয় এবং তাদের ইমেল ঠিকানা অনুযায়ী
গুরুত্বপূর্ণ তারিখ – স্কুল ডিস্ট্রিক্ট দ্বারা নির্ধারিত ক্যালেন্ডারের গুরুত্বপূর্ণ তারিখগুলির তালিকা দেয়।
লার্নিং টুল – লার্নিং টুল শেখার উপকরণের সকল সরবরাহকারীদের লিঙ্ক সরবরাহ করে, আপনার ডিস্ট্রিক্ট যদি তা সক্ষম করে থাকে ।
লকার - শিক্ষার্থীকে বরাদ্দ করা লকারের অবস্থান,কম্বিনেশন সহ।



ক্যাম্পাস ব্যাকপ্যাক - এটি শিক্ষার্থীদের ডকুমেন্টের ওয়েরহাউজ, যেখানে থাকছে, তবে এতেই সীমাবদ্ধ নয়, রিপোর্ট কার্ড, অগ্রগতির প্রতিবেদন, মূল্যায়নের ফলাফল, পিতামাতা/অভিভাবকের সাথে পরিবহন, স্কুল / প্রোগ্রাম প্লেসমেন্ট / এক্সিট সংক্রান্ত যোগাযোগের আদানপ্রদান। ক্যাম্পাস ব্যাকপ্যাক ডকুমেন্টের নাম, প্রকাশের তারিখ, স্বীকৃতি এবং ভিউ চিহ্নিত করে।

Student Name	Document Name	Published Date	Acknowledged	View
Johnny Doe	19-20_sch19_mp2_3-8_rc	Feb 14, 2020 12:02 PM	No	
	19-20_sch19_mp3_3-8_rc	May 12, 2020 3:44 PM	No	
	19-20_sch19_mp4_3-8_rc	Jul 2, 2020 5:34 AM	No	
	2019_sch19_EOY_K2	Sep 9, 2019 12:20 PM	No	
	2020_mp1_elem_rptcard_3	Nov 22, 2019 9:31 AM	No	
	2020_sch19_mp1_progress	Oct 9, 2019 10:12 PM	No	
	2021_Sch19_MP1_3-8_Reportcard	Nov 20, 2020 12:15 PM	No	
	2021_Sch19_MP1_progressrpt	Oct 14, 2020 9:09 PM	No	